গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

পানি সম্পদ মন্ত্রণালয়

৭২ গ্রীন রোড,ঢাকা ১২১৫

ফ্যাক্স:৯১৪৪১৯৫, ওয়েব:িি.িফনযফি.মড়া.নফ

স্মারক নং ৪২.০৪.০০০০.০০৩.১৪.২৯৯.১৪- তারিখঃ ১২ /০৫/২০১৬ খ্রিঃ

বিষয় ঃ হাওর মহাপরিকল্পনাভূক্ত উন্নয়ন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ মজিবুর রহমান এর সভাপতিত্বে হাওর মহাপরিকল্পনাভূক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৮/০৪/২০১৬ তারিখে সকাল ১১ ঘটিকায় বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।সভায় মহাপরিকল্পনা অনুযায়ী ১০টি সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্প সমূহের প্রকল্প পরিচালকবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় হাওর এলাকার অনগ্রসর নারী পুরুষ ও শিশুদের শিক্ষা, পুষ্টি, যোগাযোগ ব্যবস্থা, মাথাপিছু আয় ইত্যাদি বিষয়ে পশ্চাৎপদতার চিত্র তুলে ধরেন। তিনি এ এলাকার মানুষের ভাগ্য উন্নয়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের কর্মপরিধি উল্লেখ করে বলেন যে, শুধু হাওর এলাকাই নয়, সমস্ত দেশজুড়ে জলাভূমি সমূহের বিস্তৃতি রয়েছে।শীতের সময় দেশের জলাভূমির আয়তন কমে গেলেও বর্ষা মৌসুমে এর বিস্তৃতি ঘটে। দেশের হাওর ও জলাভূমি এলাকা সমূহের সুষম উন্নয়নের জন্য সমন্বিত কার্যক্রম গ্রহণের নিমিত্ত সকলকে আহবান জানান। তিনি বলেন, ইতোমধ্যে হাওর মাষ্টারপ্ল্যান তৈরী করা হয়েছে, যা মাননীয় প্রধানমন্ত্রী গত ৩মে ২০১২ তারিখে নীতিগতভাবে সদয় অনুমোদন করেছেন। মহাপরিকল্পনায় প্রস্তাবিত ১৭টি উন্নয়ন সেক্টরে ১৫৪টি প্রকল্পের মধ্যে ৯টি সেক্টরে ইতোমধ্যে ২৬টি প্রকল্প গ্রহন করা হয়েছে। হাওর মহাপরিকল্পনাভূক্ত আপেক্ষমান ১২৮টি বাস্তবায়নযোগ্য উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগ/সংস্থার সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। এছাড়া অন্যান্য জলাভূমি সমূহের পরিবেশ ও জীববৈচিত্র্যকে অক্ষুন্ন রেখে উন্নয়ন প্রকল্প গ্রহণ করার জন্যও তিনি সংস্থাসমূহকে অনুরোধ জানান।

সভায় উপস্থিত প্রতিনিধিবর্গের অনেকেই হাওর মহাপরিকল্পনার কপি সরবরাহের অনুরোধ করেন। এ বিষয়ে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের পরিচালক(প্রশাসনও অর্থ) যুগ্ম সচিব জনাব মো: নুরুল আমিন জানান যে, মাষ্টারপ্ল্যান এর সফটকপি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা আছে। তিনি প্রয়োজন অনুযায়ী উহা ডাউনলোড করে নেয়ার পরামর্শ দেন। তবে সভাশেষে উহার সফটকপি সকলের ইমেইলে প্রেরণ করা যেতে পারে। সভায় হাওর মহাপরিকল্পনাভূক্ত গৃহীত, সমাপ্ত ও চলমান প্রকল্পসমূহের প্রতিনিধিবর্গ নিজ নিজ প্রকল্পের অগ্রগতি নিœরূপভাবে ব্যাখ্যা করেন ঃ

সভাপতি মহোদয় প্রকল্পসমূহের নিয়মিত অগ্রগতির প্রতিবেদন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। সভায় উপস্থিত মৎস্য অধিদপ্তরের হাওর প্রকল্পের প্রকল্প পরিচালক ড. তপন কুমার পাল জানান যে, মৎস্য অধিদপ্তরে হাওর এলাকার মৎস্য সম্পদের উন্নয়নে হাওর প্রকল্পের কাজ শেষ প্রান্তে। তবে প্রকল্পটির পরবর্তী পর্যায় খুব শীঘ্রই আবার শুরু হবে।বিস্তারিত আলোচনান্তে, সভায় সর্বসম্মতক্রমে নি¤œলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ঃ ১। হাওর উন্নয়ন মহাপরিকল্পনাভুক্ত গৃহীত প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিমাসের ৫ তারিখের মধ্যে হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে প্রেরণ করার জন্য প্রকল্প পরিচালকগণকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ ২। প্রকল্প সমূহের বাস্তব অগ্রগতি নিয়ে প্রতি তিন মাস পর পর বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। সভায় প্রকল্প পরিচালকগণকে তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ ৩। প্রকল্পের গুণগত মান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট থাকার জন্য প্রকল্প পরিচালকগণকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ ৪।হাওর মহাপরিল্পিনায় প্রস্তাবিত অপর ১২৮টি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্তঃ ৫।সভাশেষে উপস্থিত সকলের ইমেইলে হাওর মাষ্টারপ্ল্যানের সফটকপি সরবরাহের জন্য বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক (কৃষি ও মৎস্য) ড.মোঃ নূরুল আলমকে অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মজিবুর রহমান)

মহাপরিচালক

ফোনঃ ৯১৩৭৩১২

স্মারক নং ৪২.০৪.০০০০.০০৩.১৪.২৯৯.১৪- ১/(২৮) তারিখঃ /০৫/২০১৬ খ্রিঃ

অনুলিপি: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে -

০১। চেয়ারম্যান ,বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা মতিঝিল বা/এ, ঢাকা।

০২।চেয়ারম্যান,বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৪-২৫ দিলকুশা,মতিঝিল বা/এ, ঢাকা।

০৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট,ঢাকা।

০৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও ঢাকা।

০৫। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

০৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাও,ঢাকা।

০৭। প্রধান প্রকৌশলী , স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

০৮। মহাপরিচালক , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,ওয়াপদা ভবন, মতিঝিল ঢাকা।

০৯। পরিচালক (প্রশাসন ও অর্থ) বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর,৭২ গ্রীন রোড, ঢাকা।

১০। পরিচালক (জলাভূমি) বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর,৭২ গ্রীন রোড, ঢাকা।

১১। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) ,বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন,কৃষি ভবন, দিলকুশা, ঢাকা।

১২। জনাব মোঃ আব্দুল হাই, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ২৩/১ হাসান কোটর্ (৫ম তলা), মতিঝিল ঢাকা ও প্রকল্প পরিচালক।

১৩। জনাব মোঃ শামসুদ্দিন খান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ময়মনসিংহ জোন,ময়মনসিংহ।

১৪। পরিচালক-১১ প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

১৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।( মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

১৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।( মাননীয় প্রতিমন্ত্রীর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

১৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়,ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

১৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

২০। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক ও জনপথ বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

২১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

২২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

২৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা।(সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

২৪। উপ-পরিচালক (কৃষি ও মৎস্য), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর,৭২ গ্রীন রোড, ঢাকা।

২৫। উপ-পরিচালক (প্রশাসনও অর্থ), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর,৭২ গ্রীন রোড, ঢাকা

২৬। জনাব গোপাল চন্দ্র সরকার ,প্রকল্প পরিচালক, হাওর অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

২৭। জনাব সেখ মোঃ মহসিন, প্রকল্প পরিচালক, হাওর অঞ্চলের বন্যা ব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন প্রকল্প, এলজিইডি. আগারগাঁও,ঢাকা।

২৮। জনাব মোঃ ফখরুল আবেদিন, প্রকল্প পরিচালক, হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রা মান উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,১৪৮ মতিঝিল, বা/এ(৪র্থ তলা) ঢাকা।

২৯। ড.তপন কুমার পাল, প্রকল্প পরিচালক, হাওর প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।া

(ড.মোঃ নুরুল আলম)

উপপরিচালক

ফোনঃ ৯১৪৪১৯৫